অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ঘরোয়া সহিংসতা ও যৌন নিপীড়ন বিষয়ক কর্মসূচির জন্য গভর্নর হোকলের প্রায় 24 মিলিয়ন ডলার ফেডারেল তহবিল বরাদ্দের ঘোষণা

83টি ঘরোয়া সহিংসতা কর্মসূচি ও আশ্রয়কেন্দ্র কোভিড পরীক্ষা ও টিকাদান এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে পরিষেবা প্রদানে সহায়তা করার জন্য 16 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান পাবে

50টি রেপ ক্রাইসিস সেন্টার ও যৌন নিপীড়ন বিষয়ক কর্মসূচিতে সহায়তা করার জন্য 7.6 মিলিয়ন ডলার নির্ধারিত রয়েছে

মহামারীর কারণে ভিকটিমের সংখ্যা বৃদ্ধি পাওয়া এবং নজিরবিহীন আর্থিক চ্যালেঞ্জ মোকাবেলায় সহায়তা করতে ঘরোয়া সহিংসতা বিষয়ক কর্মসূচিগুলোর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ তহবিল

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট ঘরোয়া সহিংসতা বিষয়ক কর্মসূচি ও আশ্রয়কেন্দ্র, যৌন নিপীড়ন বিষয়ক কর্মসূচি, এবং রেপ ক্রাইসিস সেন্টারগুলোকে প্রায় 24 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল বিতরণ করবে। এই তহবিল এসব কর্মসূচিকে অন-সাইট কোভিড পরীক্ষা ও টিকাদানের লভ্যতা সম্প্রসারণ করতে, মহামারীর কারণে তৈরি হওয়া আর্থিক চ্যালেঞ্জগুলো মোকাবেলা করতে, সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর কাছে আরো ভালোভাবে পৌঁছাতে, এবং সম্প্রতি বৃদ্ধি পাওয়া সাহায্যপ্রার্থী ভুক্তভোগীদের সহায়তা প্রদান করতে সাহায্য করবে।

"আমার মা ঘরোয়া ও লিঙ্গ-ভিত্তিক সহিংসতার শিকার হওয়া ভুক্তভোগীদের জন্য একটি আশ্রয়কেন্দ্র চালু করেছিলেন, তাই এই ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে সেবা পৌঁছে দেওয়াটা আমার অন্তরের খুব কাছের একটি বিষয়," **বলেছেন গভর্নর হোকল।** "মহামারী চলাকালীন সময়ে ঘরোয়া ও লিঙ্গ-ভিত্তিক সহিংসতা মর্মান্তিকভাবে বৃদ্ধি পেয়েছে, এবং ভুক্তভোগীরা যাতে নিরাপদে তাদের প্রয়োজনীয় সাহায্য ও পরিষেবা অ্যাক্সেস করতে পারেন তা নিশ্চিত করার জন্য এই তহবিল অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

পারিবারিক সহিংসতা প্রতিরোধ ও পরিষেবা আইন (Family Violence Prevention and Services Act) ও আমেরিকান রেসকিউ প্ল্যান (American Rescue Plan) এর মাধ্যমে ঘরোয়া সহিংসতা

বিষয়ক 83টি কর্মসূচি ও আশ্রয়কেন্দ্র 16.3 মিলিয়ন ডলারের তহবিল লাভ করবে, যা কোভিড পরীক্ষা, টিকাদান, ও মোবাইল হেলথ ইউনিটগুলো অ্যাক্সেস করার ক্ষেত্রে সহায়তা করবে। এছাড়াও এটি গ্রামীণ কমিউনিটি, সংস্কৃতি-ভিত্তিক কর্মসূচি এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর জন্য প্রথাগত ঘরোয়া সহিংসতা পরিষেবা উন্নত করবে। সেইসাথে, 50টি রেপ ক্রাইসিস সেন্টার ও যৌন নিপীড়ন বিষয়ক কর্মসূচি তাদের পরিষেবার ক্ষেত্রে সহায়তা করার পাশাপাশি কোভিড প্রতিরোধ ও প্রশমনের পদক্ষেপসমূহ ত্বরান্বিত করার জন্য 7.6 মিলিয়ন ডলারের অনুদান লাভ করছে। নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার বিষয়ক পরিষেবার দপ্তর (Office of Children and Family Services) এই তহবিল বরাদ্দ করছে।

OCFS-এর কমিশনার শেইলা জে. পুলি বলেন, "ঘরোয়া সহিংসতা ও যৌন নিপীড়ন থেকে বেঁচে ফিরে আসা ব্যক্তিদের সেরে উঠা ও নিজেদের জীবনকে সামনে এগিয়ে নেওয়ার প্রচেষ্টার সময়ে তাদের নিজেদের স্বাস্থ্যের সুরক্ষা নিয়ে দুশ্চিন্তা করার প্রয়োজন হওয়া উচিত নয়। OCFS এসব তহবিল বরাদ্দ করতে পেরে অত্যন্ত আনন্দিত, যেসব তহবিল ভুক্তভোগীদের জীবনে একটি অর্থপূর্ণ পার্থক্য তৈরি করবে এবং কোভিডের বিস্তার রোধ করতে সাহায্য করবে।"

সিনেটর চার্লস ই. স্কুমার বলেন, "ঘরোয়া সহিংসতা ও যৌন নিপীড়নের ভুক্তভোগীদের সহায়তা করাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি মিশন, এবং আমেরিকান রিলিফ প্ল্যানের মাধ্যমে নিউ ইয়র্কের জন্য আমার নিয়ে আসা ফেডারেল তহবিলের কিছু অংশ এসব উপযুক্ত সংস্থার জন্য বিনিয়োগ করার বিচক্ষণ সিদ্ধান্তের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি। যেদিন আমরা কংগ্রেসে মহিলাদের বিরুদ্ধে সহিংসতা আইন (Violence Against Women Act) পুনরায় অনুমোদন দিয়েছি সেই একই দিনে এসব তহবিল গ্রামীণ ও অন্যান্য সুবিধাবঞ্চিত অঞ্চলের ঘরোয়া সহিংসতা ও রেপ ক্রাইসিস পরিষেবাগুলোর জন্য ব্যবহার হওয়ার পাশাপাশি কোভিড প্রতিরোধের পদক্ষেপ গ্রহণ করতে ব্যবহৃত হবে জেনে আমি আনন্দিত।"

সিনেটর ক্রিস্টেন গিলিব্র্যান্ড বলেন, "নিউ ইয়র্কের রেপ ক্রাইসিস সেন্টার ও যৌন নিপীড়ন বিষয়ক কর্মসূচিগুলো হটলাইন, নিরাপত্তা পরিকল্পনা, আশ্রয়কেন্দ্র, এবং কোভিড পরীক্ষা ও টিকাদান সহ মেডিকেল সহায়তার মতো অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিষেবা প্রদান করার মাধ্যমে ভুক্তভোগীদের সহায়তা প্রদানের জন্য নিরলসভাবে কাজ করে থাকে। ঘরোয়া সহিংসতার ঘটনা উদ্বেগজনকভাবে বৃদ্ধি পাওয়ার এই সময়ে, এসব অপরিহার্য সংস্থার জন্য তহবিল সরবরাহ করতে সাহায্যকারী আমেরিকান রেসকিউ প্ল্যান পাশ করার জন্য লড়াই করতে পেরে আমি গর্বিত। নিউ ইয়র্ক স্টেটে ভুক্তভোগীদের সহায়তা করার জন্য এবং যৌন নিপীড়নের বিরুদ্ধে লড়াই করার জন্য ফেডারেল সংস্থানসমূহ নিয়ে আসার জন্য আমি লড়াই অব্যাহত রাখবো।"

রিপ্রেজেন্টেটিভ জেরোল্ড ন্যাডলার বলেন, "নিউ ইয়র্কে ঘরোয়া সহিংসতা ও যৌন নিপীড়ন বিষয়ক কর্মসূচিগুলোর জন্য এই তহবিল ব্যয় হতে যাচ্ছে দেখে আমি রোমাঞ্চিত বোধ করছি। প্রতি বছর এসব কর্মসূচি হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে সাহায্য করে থাকে এবং এসব কর্মসূচি যাতে ভুক্তভোগীদের সহায়তা ও সংস্থান প্রদান করা অব্যাহত রাখতে পারে এই অতি গুরুত্বপূর্ণ তহবিল তা নিশ্চিত করবে। নিউ ইয়র্ক সিটিতে 4 মিলিয়ন ডলারের বেশি বরাদ্দ হতে যাচ্ছে দেখে আমি বিশেষভাবে আনন্দিত। এ ব্যাপারে তার নেতৃত্বের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ

জানাই এবং সামনের সময়গুলোতে আমি তার সাথে অব্যাহতভাবে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

রিপ্রেজেন্টেটিভ অ্যাড্রিয়ানো এসপেইলাট বলেন, "ঘরোয়া সহিংসতা আমার ডিস্ট্রিক্টের পরিবারগুলোকে এবং আমাদের স্টেটব্যাপী কমিউনিটিগুলোকে ক্ষতিগ্রস্ত করছে। নিউ ইয়র্কব্যাপী ঘরোয়া সহিংসতা ও যৌন নিপীড়ন বিষয়ক কর্মসূচিসমূহের জন্য বাড়তি সংস্থান সরবরাহ করার জন্য এই ফেডারেল তহবিল বরাদ্দ করার আজকের ঘোষণার জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই, যে তহবিল অর্জনে আমি কংগ্রেসে সহায়তা করেছিলাম। এসব পরিষেবার প্রয়োজন বৃদ্ধি পাওয়াটা মহামারীর একটি মর্মান্তিক পার্শ্ব-প্রতিক্রিয়া হিসেবে দেখা দিয়েছে, এবং ভুক্তভোগী, বেঁচে ফিরে আসা ব্যক্তি, ও পরিবারগুলোকে সেবা প্রদান করার জন্য নিবেদিত সংস্থাগুলোকে সহায়তা করার জন্য আমাদের অবশ্যই প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। এই তহবিল সাম্প্রতিক বছরগুলোতে তাদের এই গুরুত্বপূর্ণ কাজ সম্প্রসারণ করতে গিয়ে এসব কর্মসূচি যেসব আর্থিক চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে সেগুলো মোকাবেলায় সাহায্য করবে, যার মধ্যে টিকাদান, পরীক্ষা কেন্দ্র, এবং যাদের প্রয়োজন রয়েছে তাদের জন্য স্বাস্থ্যসেবা প্রদানের মাধ্যমে কোভিড-19 প্রতিরোধের অ্যাক্সেস সম্প্রসারণ করাও অন্তর্ভুক্ত রয়েছে।"

রিপ্রেজেন্টেটিভ মনডেয়ার জোনস বলেন, "পারিবারিক সহিংসতা প্রতিরোধ ও পরিষেবা আইন ও আমেরিকান রেসকিউ প্ল্যান থেকে পাওয়া 24 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিলের মাধ্যমে, যা কংগ্রেসে পাশ হওয়ার ক্ষেত্রে সাহায্য করতে পেরে আমি গর্বিত, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটব্যাপী ঘরোয়া সহিংসতা ও যৌন নিপীড়ন থেকে বেঁচে ফিরে আসা ব্যক্তিদের জন্য অতি প্রয়োজনীয় সহায়তা প্রদান করছেন। এ ব্যাপারে কোনো সন্দেহ নেই যে নারীদের বিরুদ্ধে সহিংসতা দেশব্যাপী মহামারীর রূপ নিয়েছে, এবং বিশেষ করে কোভিড-19 মহামারী চলাকালীন সময়ে আমরা ভুক্তভোগী ব্যক্তিদের সংখ্যা বৃদ্ধি পেতে দেখেছি। কোভিড পরীক্ষা ও টিকাদানের অ্যাক্সেস প্রদান করা থেকে শুরু করে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে বেঁচে ফিরে আসা ব্যক্তিদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিষেবাগুলো সম্প্রসারণ করা পর্যন্ত, এই তহবিল ভুক্তভোগীদের সুরক্ষিত রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং আমাদেরকে চিরদিনের জন্য এই মহামারী নির্মূল করার দিকে আরো একধাপ এগিয়ে নিয়ে যাবে।"

<u>অঞ্চল অনুযায়ী সেবা প্রদানকারীদের প্রাপ্ত তহবিল</u>:

- **রাজধানী অঞ্চল**: 2,354,675 ডলার
- **সেন্ট্রাল নিউ ইয়র্ক**: 1,828,638 ডলার
- **ফিঙ্গার লেকস**: 2,410,368 ডলার
- **লং আইল্যান্ড**: 2,321,091 ডলার
- **মিড-হাডসন**: 2,859,754 ডলার
- **মোহাক ভ্যালি**: 1,368,411 ডলার
- **নর্থ কান্ট্রি**: 1,283,045 ডলার
- **নিউ ইয়র্ক সিটি**: 4,492,056 ডলার
- **সাদার্ন টিয়ার**: 1,337,656.00 ডলার
- **ওয়েস্টার্ন নিউ ইয়র্ক**: 2,828,350 ডলার

- **একাধিক অঞ্চল*:** 821,700 ডলার

*একটি সেবা প্রদানকারী রেপ ক্রাইসিস সেন্টার ও যৌন নিপীড়ন উভয় খাতের তহবিল পাচ্ছে যা তিনটি অর্থনৈতিক অঞ্চলের 11টি কাউন্টিতে সেবা প্রদান করবে।

মহামারীর দ্বিতীয় বছরে, বেঁচে ফিরে আসা সাহায্যপ্রার্থী ব্যক্তির সংখ্যা বৃদ্ধি পেয়েছে, এবং এই একই সময়ে নিপীড়নের তীব্রতা বৃদ্ধি পেয়েছে বলে ঘরোয়া সহিংসতা সম্পর্কিত পরিষেবা প্রদানকারীরা জানিয়েছে। এছাড়াও এই মহামারীর ফলে স্টেটব্যাপী ঘরোয়া সহিংসতা সম্পর্কিত পরিষেবা প্রদানকারীদের জন্য নজিরবিহীন আর্থিক চ্যালেঞ্জ তৈরি হয়েছে। কোভিড সংক্রান্ত পরিষেবা উন্নত করার পাশাপাশি, এসব ফেডারেল তহবিল কর্মীদলের স্থিতিশীলতার ব্যাপারে সহায়তা করবে এবং ভুক্তভোগীদের জন্য পরিষেবা অব্যাহত থাকা নিশ্চিত করবে।

যৌন নিপীড়ন বিষয়ক কর্মসূচি ও রেপ ক্রাইসিস সেন্টারগুলোর জন্য প্রদান করা এই তহবিল জনস্বাস্থ্য সংক্রান্ত জরুরি অবস্থার কারণে ক্ষতিগ্রস্ত হওয়া ভুক্তভোগীদের প্রয়োজন পূরণে সহায়তা করবে এবং স্থানীয় কমিউনিটিগুলোতে পরিষেবা অব্যাহত রাখতে সহায়তা করবে। এটি কর্মসূচিগুলোকে ভার্চুয়াল/রিমোট পরিষেবায় উত্তরণের ক্ষেত্রে সাহায্য করবে এবং কোভিড-19 ভাইরাস দ্বারা আক্রান্ত হওয়ার ও বিস্তার ঘটানোর ঝুঁকি কমিয়ে আনার জন্য রসদ সংক্রান্ত ব্যয় পরিশোধের ক্ষেত্রে সাহায্য করবে। কর্মীদলের স্থিতিশীলতা বা সম্প্রসারণের জন্য এই তহবিল ব্যবহার করা যেতে পারে।

নিউ ইয়র্ক স্টেটের ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তরের (Office for the Prevention of Domestic Violence) এক্সিকিউটিভ ডিরেক্টর কেলি ওয়েন্স বলেন, "মহামারীর কারণে বিচ্ছিন্নতা, ভয়, ও আর্থিক চাপের সম্মুখীন হওয়ার বিষয়গুলো আরো খারাপের দিকে যাওয়ার ফলে কোভিড-19 ঘরোয়া সহিংসতা ও যৌন নিপীড়নের ভুক্তভোগীদেরকে অব্যাহতভাবে ক্ষতিগ্রস্ত করে চলেছে। সব ভুক্তভোগীদের কোভিড-সম্পর্কিত প্রয়োজনগুলো পূরণ করতে সহায়তা করার জন্য ঘরোয়া ও যৌন সহিংসতা বিষয়ক কর্মসূচিগুলো এখন বাড়তি তহবিল পাবে। এছাড়াও এই তহবিল ঘরোয়া ও যৌন সহিংসতা বিষয়ক পরিষেবাগুলো সম্প্রসারণ করে আরো বেশি ভুক্তভোগী-কেন্দ্রিক, মানসিক আঘাত সম্পর্কে অবহিত ও সাংস্কৃতিকভাবে সাড়া প্রদানকারী করে তোলার জন্য হোকল প্রশাসনের উদ্যোগসমূহের সাথেও সঙ্গতিপূর্ণ। ভুক্তভোগীদের অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস অব ভিক্টিম সার্ভিসেস (Office of Victim Services)-এর ডিরেক্টর এলিজাবেথ ক্রোনিন বলেন, "এটি সুস্পষ্ট যে ঘরোয়া সহিংসতা ও যৌন নিপীড়নের ভুক্তভোগীদের নিজেদের জন্য ও তাদের পরিবারবৃন্দের জন্য নিরাপত্তা ও স্থিতিশীলতা খোঁজার সময়ে তাদের সম্মুখীন হওয়া চ্যালেঞ্জগুলোকে এই মহামারী আরো খারাপের দিকে নিয়ে গেছে। OVS-এ আমরা ভুক্তভোগীদের সহায়তা করার জন্য কর্মসূচি ও পরিষেবাসমূহের একটি সমন্বিত নেটওয়ার্ককে সহায়তা প্রদান করতে পেতে গর্বিত। যেখানে যখন প্রয়োজন সেখানে সেসময় এই অতি গুরুত্বপূর্ণ সহায়তা পৌঁছে দেওয়া নিশ্চিত করার জন্য তাদের নিবেদিত প্রচেষ্টার জন্য আমি গভর্নর হোকলকে এবং স্টেটের সিস্টার সংস্থাগুলোর সহকর্মীদের ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেটের ঘরোয়া সহিংসতা বিরোধী কোয়ালিশন (Coalition Against Domestic Violence)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর কনি নিল বলেন, "ঘরোয়া সহিংসতা বিষয়ক আইনজীবীরা মহামারী শুরুর পর থেকে পরিষেবা গ্রহণের চাহিদা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাওয়া এবং একই সাথে ভুক্তভোগীদের অভিজ্ঞতার জটিলতা উদ্বেগজনকভাবে বৃদ্ধি পাওয়ার কথা জানিয়েছেন। ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের ও তাদের সন্তানদের জরুরি প্রয়োজন পূরণে সহায়তা করার জন্য এই তহবিল প্রদান করায় আমরা গভর্নর হোকল ও OCFS-কে ধন্যবাদ জানাই, যা তাদের নিরাপত্তা ও সামগ্রিক সুস্থতার উন্নতি করবে, এবং স্টেটব্যাপী সহায়ক কর্মসূচিগুলোতে কর্মীদের স্থিতিশীলতার বিষয়টিকে অগ্রাধিকার দিবে।"

নিউ ইয়র্ক স্টেটের যৌন নিপীড়ন বিরোধী কোয়ালিশন (Coalition Against Sexual Assault)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর জোয়ান জ্যানোনি বলেন, "যৌন নিপীড়নের ভুক্তভোগী এবং তাদেরকে সেবা প্রদানকারী আইনজীবীদের জন্য এই অত্যন্ত কঠিন সময়ে সহায়তা প্রদান করায় আমরা গভর্নর হোকল ও OCFS-এর প্রতি কৃতজ্ঞ। আমাদের কর্মসূচিগুলো ভুক্তভোগীদের প্রয়োজন পূরণ করতে সংগ্রাম করে চলেছে। যৌন সহিংসতা ও শোষণের ক্ষত থেকে সেরে উঠতে সচেষ্ট ব্যক্তিদের জন্য এসব বাড়তি সংস্থান একটি পার্থক্য রচনা করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418